বিএসএমএমইউতে প্রথমবারের মতো বড়দিন পুনর্মিলনী অনুষ্ঠান উদযাপিত

ধর্মের অপব্যবহারে সংকট তৈরি হয়: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, ধর্মের অপব্যবহার হলেই সংকট তৈরি হয়। রাজনীতিতে ধর্মের অপব্যবহারেও একই অবস্থার সৃষ্টি হয়। আবার এক ধর্মের বিরুদ্ধে অন্য ধর্ম ব্যবহার করলেও সংকট সৃষ্টি হয়ে থাকে। কিন্তু এটা কাম্য নয়। বাংলাদেশ অসাম্প্রদায়িক ও সম্প্রীতির দেশ। সবার উপরে মানুষ সত্য, এটাই চির সত্য। এ চির সত্যকে উপলব্ধি করেই বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের উদ্যোগে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান ছাড়াও এরআগে দুর্গাপূজা পরবর্তী বিজয়া পুনর্মিলনী অনুষ্ঠান উদযাপিত হয়েছে। এবার-ই এ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো বড় দিন পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গত ২ জানুয়ারি ২০১৭ইং তারিখে শহীদ ডা. মিলন হলে সকাল ৮টা ১৫ মিনিটে প্রথমবারের মতো আয়োজিত বড় দিন পুনর্মিলনী অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত ও অধ্যয়নরত খ্রিষ্টান ধর্মামলম্বীগণ ছাড়াও সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক, পরিচালক (হাসপাতাল) বিগ্রেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (অধিকতর উন্নয়ন প্রকল্পসমূহ) অধ্যাপক ডা. মোঃ মনিরুজ্জামান খান, অতিরিক্ত রেজিস্ট্রার-১ অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, গ্রাজুয়েট নার্সিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মেবেল ডি রোজারিও, অতিরিক্ত রেজিস্ট্রার-২ ডা. স্বপন কুমার তপাদার, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন, গ্রাজুয়েট নার্সিং বিভাগের লেকচারার নুপুর ডি কস্তা প্রমুখ উপস্থিত ছিলেন।

বিচারপতি মোহাম্মদ বজলুর রহমানের কফিনে শ্রদ্ধাঞ্জলি

গত ২ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকালে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মরচুয়ারির সামনে আপিল বিভাগের বিচারপতি মোহাম্মদ বজলুর রহমানের কফিনে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) বিগ্রেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন প্রমুখ।

কিডনী ট্রান্সপ্ল্যানটেশনে সহায়তা দিতে বিএসএমএমইউ ও সিএমএইচ'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

কিডনী ট্রান্সপ্ল্যানটেশন (প্রতিস্থাপন) বিষয়ে সহায়তা দিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) ও সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ)-এর মধ্যে গত ২ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার, ঢাকা সেনানিবাস্থ সিএমএইচ'র প্রশাসনিক ভবনের মিলনায়তনে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন এবং সিএমএইচ'র পক্ষে স্বাক্ষর করেন কমাড্যান্ট বিগ্রেডিয়ার জেনারেল মোঃ মাহবুবুর রহমান। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, এ্যানেসথেশিয়া,

এনালজেশিয়া এন্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক, সাবেক চেয়ারম্যান অধ্যাপক ডা. আব্দুল হাই, কিডনী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ শহীদুল ইসলাম সেলিম, সাবেক চেয়ারম্যান ডা. মুহাম্মদ রফিকুল আলম, ইউরোলজি বিভাগের চেয়ারম্যান ডা. মোঃ সাজিদ হাসান, ইউরোলজি বিভাগের সহযোগী অধ্যাপক (কিডনী ট্রান্সপ্লানটেশন ডিভিশন) ডা. তৌহিদ মোহাম্মদ সাইফুল হোসেন দিপু এবং বাংলাদেশ আর্মড ফোর্সেসের ডিজিএমএস মেজর জেনারেল এস এম মোতাহার হোসেন, কনসালটেন্ট সার্জন জেনারেল মেজর জেনারেল মুন্সী মোহাঃ মুজিবুর রহমান, কনসালটেন্ট ফিজিশিয়ান জেনারেল মেজর জেনারেল মোঃ আবদুল আলী মিয়া, কমাড্যান্ট এএফএমসি মেজর জেনারেল মোঃ ফসিউর রহমান, কমাড্যান্ট এএফআইপি মেজর জেনারেল দেবাশীষ সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান জানান, এ সমঝোতা স্মারক স্বাক্ষরের আওতায় সম্মিলিত সামরিক হাসপাতালে কিডনী প্রতিস্থাপনের বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় সকল ধরণের সহায়তা প্রদান করা হবে।

উল্লেখ্য, কিডনী রোগ দুরারোগ্য ও ব্যয়বহুল স্বাস্থ্য সমস্যা। এ রোগে নিয়মিত ডায়ালাইসিস অথবা কিডনী প্রতিস্থাপন করে রোগীকে বাঁচিয়ে রাখা যায়।

ওপিডি-১ এবং ওপিডি-২ সম্প্রসারণ বিষয়ক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ওপিডি-১ এবং ওপিডি-২ সম্প্রসারণ বিষয়ক এক গুরুত্বপূর্ণ সভা আজ সোমবার ২ জানুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ৯টায় সম্মানিত কোষাধ্যক্ষ মহোদয়ের অফিসে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। আরো উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (অধিকতর উন্নয়ন প্রকল্পসমূহ) অধ্যাপক মোঃ মনিরুজ্জামান খান, প্রধান প্রকৌশলী জনাব শাহজাহান খান প্রমুখ।

বিএমএ-এর নবনির্বাচিত কমিটির সভাপতি ও মহাসচিবকে ফুলেল শুভেচ্ছা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ২ জানুয়ারি ২০১৭ইং তারিখ, রাত ৮টায় বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশন (বিএমএ) ভবনে বিএমএ-এর নবনির্বাচিত কমিটির সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন এবং মহাসচিব ডা. এহতেশামুল হক চৌধুরী দুলাল-কে ফুলেল শুভেচ্ছা জানান। এসময় অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।